গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিগ্রহণ-১ অধিশাখা
www. minland.gov.bd

ভূমিসেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৪৭.৬৮.০০৯.২১-১৯৮

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩০ / ২০ আগষ্ট ২০২৩

## গণবিজ্ঞপ্তি

এতদ্দারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ''বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থা (স্থাবর সম্পত্তি অর্জন নিয়ন্ত্রণ) আইন-২০২৩'' শিরোনামে প্রস্তাবিত খসড়া আইনটি জনমত সংগ্রহের নিমিত্ত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে www.minland .gov.bd-এ প্রকাশ করা হয়েছে।

০২। খসড়ার বিষয়ে কোনো মতামত ও পরামর্শ থাকলে তা লিখিতভাবে ভূমি মন্ত্রণালয়ের অধিগ্রহণ-১ শাখায় ডাকযোগে কিংবা acquisition1mol@gmail.com-ই-মেইলে আগামী ১১/০৯/২০২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০/৮/২৩

(ড. মোহাম্মদ শাহানুর আলম)
উপসচিব
ফোন-৯৫৬৬৫৮৪

বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থা (স্থাবর সম্পত্তি অর্জন নিয়ন্ত্রণ) আইন, ২০২৩

(২০২৩ সনের---নম্বর আইন)

বাংলাদেশের অভ্যন্তরে বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের স্থাবর সম্পত্তি অর্জন নিয়ন্ত্রণের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের স্থাবর সম্পত্তি অর্জন নিয়ন্ত্রণ করা সমীচীন ও প্রয়োজনীয় সেইহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।–

(১)-এই আইন বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থা (স্থাবর সম্পত্তি অর্জন নিয়ন্ত্রণ) আইন, ২০২৩ নামে অভিহিত হইবে;

(২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে; এবং

(৩) এই আইন অবিলম্বে কার্যকর হইবে।

২। **বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থা কর্তৃক স্থাবর সম্পত্তি অর্জন**।- (১) সরকারের পূর্বানুমোদন ব্যতীত কোনো বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থা ক্রয়, দান, বিনিময় বা অন্য কোনোভাবেই বাংলাদেশের অভ্যন্তরে কোনো স্থাবর সম্পত্তি অর্জন করিতে পারিবে না;

(২) উপধারা (১)-এর বিধান লঙ্ঘন করিয়া কোনো বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থা বাংলাদেশের অভ্যন্তরে কোনো স্থাবর সম্পত্তি অর্জন করিলে তাহা সরকার বাজেয়াপ্ত করিতে পারিবে; এবং

(৩) উপধারা (২)-এর অধীনে বাজেয়াপ্তকৃত সম্পত্তি দায়মুক্তভাবে সরকারের অনুকূলে সমর্পিত হইবে।

ব্যাখ্যা:-

এই ধারায় 'বিদেশি স্বেচ্ছাসেবী সংস্থা' বলিতে এমন ধরনের সংগঠন বা কর্তৃপক্ষকে বুঝাইবে যাহা কোন কর্পোরেশন হইতে পারে বা নাও হইতে পারে, যাহা বাংলাদেশের বাহিরে অন্য কোন দেশে গঠিত বা প্রতিষ্ঠিত, যাহার উদ্দেশ্য হইতেছে বাংলাদেশের অভ্যন্তরে কোনো ব্যক্তি, সংগঠন বা কর্তৃপক্ষকে সেবা দান করা অথবা স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম পরিচালনা করা।

ড. মোঃ মাহমুদ হাসান
যুগ্মসচিব (অধিগ্রহণ)
ভূমি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৩। **বিধি প্রণয়নের ক্ষমতা।**— এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে সরকার বিধি প্রণয়ন করিতে পারিবে।

৪। **রহিতকরণ ও হেফাজত।**- (১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে THE FOREIGN VOLUNTARY ORGANISATIONS (ACQUISITION OF IMMOVABLE PROPERTY) REGULATION ORDINANC, 1983 ( Ordinance No. LXXIII of 1983), এতদ্দ্বারা রহিত হইবে; এবং

(২) উক্ত অধ্যাদেশ রহিতকরণ সত্ত্বেও উহার অধীন ইতোমধ্যে সম্পাদিত, কৃত বা গৃহীত কোনো কার্যক্রম বা ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত বলিয়া গণ্য হইবে।

৫। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ**। - (১) এই আইন প্রবর্তনের পর সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে; এবং

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে কোনো বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

ড. মোঃ মাহমুদ হাসান
যুগ্মসচিব (অধিগ্রহণ)
ভূমি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার